



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১০৪৬৬

নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-২৯/ ২০ ২৭/১১

তারিখঃ ৩০/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-২৯/১৯৯০/৬; তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন রাড়ুলী আলিম মাদরাসার প্রতিষ্ঠাতা পদ বিষয়ে বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/খুলনা-২৯/৮৫৮; তারিখঃ ০৯/০২/২০১৬ প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে জনাব মোঃ মোখতার হোসেন গাজী, পিতা- মৃত সোলায়মান গাজীকে অন্তর্ভুক্ত করা হয়।

ইতোপূর্বে অধ্যক্ষ ও সভাপতিকে স্মারক নং-বামাশিবো/প্রশা/খুলনা-২৯/৫১০; তারিখঃ ১৫/১১/২০১৫ মোতাবেক কারণ দর্শানো হয়। জনাব মোঃ মোখতার হোসেন এর ১১/১২/২০১৬খ্রিঃ তারিখের আবেদন/অভিযোগের প্রেক্ষিতে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়। উক্ত কারণ দর্শানো নোটিশের জবাবে মাদরাসার অধ্যক্ষ মোকদ্দমা নং- ২৬২/০৮ এ প্রদত্ত ৫নং আদেশ তারিখঃ ০৫/১১/২০০৮ মোতাবেক নিষেধাজ্ঞা থাকার কারণে ২০১৪ সালে গভার্ণিং বডি ও ২০১৬ সালে গভার্ণিং বডি নির্বাচনের সময় প্রতিষ্ঠাতা পদটি কমিটির সদস্যগণ স্থগিত রাখেন। বোর্ডের ০৯/০২/২০১৬খ্রিঃ তারিখের সিদ্ধান্তের পরও বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয় নাই। অধ্যক্ষ কর্তৃক ১১/০২/২০১৭ খ্রিঃ তারিখের জবাবে পুনরায় বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞার নামে অসত্য ও বিভ্রান্তির তথ্য দেওয়া হয়েছে। প্রকৃত পক্ষে বিজ্ঞ আদালত কর্তৃক মোকদ্দমা নং- ২৬২/০৮ এর আদেশ নং- ৪ তারিখঃ ০৫/১১/২০০৮ মোতাবেক কেন অস্থায়ী নিষেধাজ্ঞা দেওয়া হবে না তৎমর্মে ০৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়।

এরপর ১-৩নং বিবাদী ২০/১১/২০০৮ ওকালতনামা দাখিল করেন ও আপত্তি দাখিলের জন্য সময়ের প্রার্থনা করেন (আদেশ নং- ৭) ও ২৩/১১/২০০৮ (আদেশ নং-৮) মোতাবেক সময়ের আবেদন মঞ্জুর হয়। দাখিলী বিজ্ঞ আদালতের আদেশসমূহ পর্যালোচনায় পরবর্তীতে একাধিকবার নিষেধাজ্ঞা দরখাস্ত শুনানীর দিন ধার্য থাকিলেও দরখাস্ত শুনানী হয় নাই মর্মে প্রতীয়মান হয়। যে কারণে পরবর্তীতে নিষেধাজ্ঞা অব্যাহত না থাকা সত্ত্বেও বোর্ডের নির্দেশ অমান্য করে অসত্য ও বিভ্রান্তমূলক তথ্য বর্ণনায় ১১/০২/২০১৭খ্রিঃ তারিখে জবাব প্রদান করা হয়েছে।

বোর্ডের নির্দেশ অব্যাহতভাবে লংঘন করায়, অসত্য ও বিভ্রান্তমূলক তথ্য দেওয়ার জন্য অধ্যক্ষের এমপিও স্থগিতের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট কেন সুপারিশ করা হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য ০৭ (সাত) কার্যদিবসের সময় দিয়ে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষ জবাব দাখিলের জন্য সময় চেয়ে আবেদন করেছেন।

বর্ণিত অবস্থায় তাঁর আবেদনের প্রেক্ষিতে উল্লিখিত বিষয়ে আগামী ১৫/০৯/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে জবাব দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


30.08.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, রাড়ুলী আলিম মাদরাসা, ডাকঘর- রাড়ুলী, পাইকগাছা, খুলনা।

নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-২৯/

তারিখঃ ১০/৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা।
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা।
৪. সভাপতি, রাড়ুলী আলিম মাদরাসা, রাড়ুলী, পাইকগাছা, খুলনা।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪